

বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা অনুষ্ঠিত

স্বাধীন রিপোর্ট

স্কুল পর্যায়ের বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আজ কলেজ পর্যায়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) অধীনে পরিচালিত এ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় পাস করলেই কেবল বেসরকারি স্কুল-কলেজ-মাদ্রাসায় শিক্ষক হিসেবে নিয়োগ পাওয়ার যোগ্যতা অর্জিত হয়।

এনটিআরসিএ কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে, এবারের পরীক্ষায় সারা দেশের ৩ লাখ ১৩ হাজার ১৮৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছে। এর মধ্যে ২ লাখ ১ হাজার ৩২৪ জন পুরুষ এবং ১ লাখ ১১ হাজার ৮৬০ জন মহিলা।

স্কুল পর্যায়ে পরীক্ষার্থী সংখ্যা ১ লাখ ৯৭ হাজার ২৯৯ জন এবং কলেজ পর্যায়ের অংশগ্রহণকারীর সংখ্যা ১ লাখ ১৫ হাজার ৮৮৫ জন। দেশের বৃহত্তর ২০ জেলার ২০টি কেন্দ্রের অধীনে ২৫৮টি স্থানে পরীক্ষা গ্রহণ করা হচ্ছে।

উক্তবার শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী সকালে ঢাকা টিচার্স ট্রেনিং কলেজ পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় এনটিআরসিএর চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) আশীষ কুমার সরকার, সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) ছামেনা বেগমসহ উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, প্রার্থীদের মোট ২০০ নাম্বারের পরীক্ষা দিতে হয়। এর মধ্যে ১০০ নাম্বারের নৈর্ব্যক্তিক এবং ১০০ নাম্বারের ঐচ্ছিক বিষয় (যে বিষয়ে শিক্ষক হতে চান)।

সুত্তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় ২ লাখ ৫৯ হাজার ১১৪ জন অংশগ্রহণ করে ৬৭ হাজার ২০৩ জন পাস করেছিল। পাসের হার ছিল ২২ দশমিক শূন্য ৮ শতাংশ।